তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

# এসএসসি : নকলের সর্বনাশা আয়োজন

## ❑ থ্রি স্টার, সেভেন স্টার আর ছোটভাইয়ের কদর বেশি ফটোস্ট্যাট দোকানে ভিড়

যুগান্তর রিপোর্ট

নকলমুক্ত সুষ্ঠু পরিবেশে এসএসসি ও দাখিল পরীক্ষা অনুষ্ঠানের জন্য জোর সরকারি প্রস্তুতি চলছে। প্রতিটি পরীক্ষা কেন্দ্রে সার্বক্ষণিক ভিজিলেন্স টিম অবস্থানের ব্যবস্থা করা হয়েছে। নকল ও বিশৃঙ্খলা দেখা দিলে তাৎক্ষণিকভাবে কেন্দ্র বাতিলেরও উদ্যোগ নেয়া হয়েছে। স্ব স্ব জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে কঠোরভাবে আইনশৃঙ্খলা রক্ষার নির্দেশ দেয়া হয়েছে। অপরদিকে নকলবাজরাও বসে নেই। নকলের সুবিধা গ্রহণের চুক্তিতে অনেক ছাত্রছাত্রীই গ্রামাঞ্চলের বিভিন্ন স্কুল থেকে রেজিস্ট্রেশন করেছে। তদবির করে অনেকে কেন্দ্রও পরিবর্তন করেছে। কতিপয় শিক্ষকের সহযোগিতায় একশ্রেণীর প্রকাশনা সংস্থা প্রকাশ করেছে ছোট আকৃতির গাইড বই। ফটোস্ট্যাট মেশিনের মাধ্যমে নোট বইয়ের পাতা ছোট করে কপি করারও ধুম পড়েছে বিভিন্ন স্থানে।

যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর :

**টাঙ্গাইল** : টাঙ্গাইল জেলায় নকলমুক্ত পরিবেশে এসএসসি ও দাখিল পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে গতবারের মতো জেলা প্রশাসন এবারও ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছে। জেলায় নকল বন্ধ হওয়ায় সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলায়

এসএসসি : পৃষ্ঠা : ১৫ কলাম : ১

## এসএসসি : আয়োজ

(১ম পৃষ্ঠার পর)

বিভিন্ন স্কুল ও মাদ্রাসায় ভর্তি দে
অকৃতকার্য প্রায় ৫০০ ছাত্রছাত্রী
রেজিস্ট্রেশন করে ১৫ মার্চের পরী
অংশগ্রহণ করছে বলে অভিযোগ পা
গেছে। চৌহালী উপজেলা বরা
নকলপ্রবণ হিসাবে চিহ্নিত। টাঙ্গাই
বিভিন্ন এলাকার অকৃতকার্য ছাত্রছা
এখানে এসে পরীক্ষা দিয়ে সহজেই প
সার্টিফিকেট পেয়ে যায়। বহিরাগত
ছাত্রছাত্রীকে পাস করানোর জন্য র
অনেক দালাল। এরা ১৫/২০ হ
টাকার বিনিময়ে রেজিস্ট্রেশনসহ
করানোর গ্যারান্টি দিয়ে থাকে। চৌ
একটি যোগাযোগ বিচ্ছিন্ন এলাকা।
শুধু এসএসসি ও দাখিল পরীক্ষায়ই
এইচএসসি ও ডিগ্রি পরীক্ষায়ও
প্রশাসনকে ম্যানেজ করে চলে ন
মহোৎসব। শিক্ষকরাও জড়িত রা
বোর্ডের টিম যাতে না যেতে পারে
ওই দালালরা পরীক্ষা চলাকালীন
করে নৌকা ও ফেরি চলাচল বন্ধ
রাখে। এ ধরনের গুরুতর অ
উঠলেও কোন ব্যবস্থা এ পর্যন্ত গ্রহণ
হয়নি।

**নখীপুর** : গতকাল মঙ্গলবার স
ডিগ্রি অনার্স মাস্টারস স্টুডেন্টস (ডি
এসোসিয়েশনের উদ্যোগে এস
পরীক্ষা নকলমুক্ত রাখার লক্ষ্যে এক
র‍্যালি বের করা হয়। বিভিন্ন
পোস্টার, ফেস্টুন সংবলিত
শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ
ওই র‍্যালিতে উপজেলা নির্বাহী
বিমল চন্দ্র দাস বিভিন্ন উচ্চ বিদ
শিক্ষকবৃন্দসহ সর্বস্তরের জনতা অ